# ইউজার ম্যানুয়াল

**ধাপ ১: ওয়েবসাইটে প্রবেশ ও রেজিস্ট্রেশন লিংক**

🔗 ওয়েবসাইট: https://mpajobsbd.com/new/

**নতুন অ্যাকাউন্ট তৈরিঃ** ওয়েবসাইটে প্রবেশের পরে নিবন্ধন/রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে নিচে প্রয়োজনীয় তথ্য দিতে হবেঃ

- আবেদনকারীর পূর্ণ নাম
- আবেদনকারীর বৈধ ইমেইল ঠিকানা
- আবেদনকারীর বৈধ মোবাইল নম্বর
- আবেদনকারীর জন্য একটি নতুন পাসওয়ার্ড

OTP **ভেরিফিকেশন:** রেজিস্ট্রেশন সম্পন্ন হলে আপনার প্রদত্ত ইমেইল ও মোবাইলে OTP পাঠানো হবে। ইমেইল ও মোবাইলে প্রাপ্ত OTP'র ৬ ডিজিটের তথ্য দিয়ে আবেদনকারীর একাউন্ট সক্রিয় করতে হবে।

⚠ OTP ভেরিফাই না করলে একাউন্ট ব্যবহারযোগ্য হবে না।

**ধাপ ২: লগইন**

রেজিস্ট্রেশন ভেরিফিকেশন সম্পন্ন হলে লগইন পেজ হতে ইমেইল/মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড দিয়ে আবেদনকারী লগইন করতে পারবে।

**ধাপ ৩: বায়োডাটা পূরণ ও শিক্ষাগত তথ্য ভেরিফিকেশন**

চাকুরির আবেদন করার পূর্বেই আবেদনকারীর বায়োডাটা ফর্ম পূরণ করা বাধ্যতামূলক।

- **শিক্ষাগত তথ্য ভেরিফিকেশন:** আবেদনকারীর SSC/HSC/JSC প্রদত্ত তথ্য অনুসারে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হতে আবেদনকারীর নাম, পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, লিঙ্গ ও GPA স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে।
- **বায়োডাটা পূরণ:** আবেদনকারীকারী কর্তৃক ধর্ম, জাতীয় পরিচয়পত্র, রক্তের গ্রুপ, ঠিকানা, উচ্চ শিক্ষা সংক্রান্ত তথ্য, পূর্বের/বর্তমান চাকরির অভিজ্ঞতা সংক্রান্ত তথ্য পূরণ করতে হবে। ছবি এবং স্বাক্ষরের স্ক্যান/সফট কপি আপলোড করে সেভ বায়োডাটা (Save Biodata) বাটনে ক্লিক করে সকল তথ্য সংরক্ষণ করতে হবে।
- আবেদনকারী প্রয়োজনে আংশিক/খসড়া তথ্য সংরক্ষণ করতে পারবেন যা পরবর্তীতে হালনাগাদ করা যাবে।

**ধাপ ৪: চাকুরির জন্য আবেদন**

ওয়েবসাইটের Notice Board থেকে প্রকাশিত চাকুরির বিভিন্ন পদে শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী আবেদন করা যাবে। সেক্ষেত্রে যদি কোন পদের চাহিদা মোতাবেক শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার শর্তপূরণ না হয় তাহলে আবেদনকারীকে নির্দিষ্ট শর্তসমূহ পুরনের জন্য স্ক্রিনে ম্যাসেজ প্রদর্শন করবে। প্রয়োজনীয় শর্ত (যদি থাকে) পূরণ করে এক বা একাধিক পদে আবেদন করা যাবে। আবেদনকৃত পদসমূহের তথ্য আবেদনকারীর ড্যাশবোর্ডে প্রদর্শিত হবে।

**ধাপ ৫: ফি প্রদান**

আবেদন সম্পন্ন হওয়ার পরে ৭২ ঘণ্টার মধ্যে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বা পেমেন্ট প্রদান করতে হবে। সেক্ষেত্রে প্রতিটি আবেদনকৃত পদের ডান পাশে Pay Now বাটনে ক্লিক করে পেমেন্ট সিস্টেম অপারেটর (পিএসও) এর মাধ্যমে ফি প্রদান করা যাবে। ফি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত পেমেন্ট মাধ্যম ব্যবহার করা যাবেঃ

- মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিসঃ bKash, Nagad, Rocket, mCash, MyCash, t-cash, Sure Cash
- ডেবিট/ক্রেডিট কার্ডঃ Visa, Master Card, Amex, Union Pay, Nexus, Qcash
- ইন্টারনেট ব্যাংকিং: City Touch, AB Direct, Bank Asia, MTB internet banking, Islami Bank internet banking
- ওয়ালেটঃ iPay, Upay, Dmoney

সফল পেমেন্ট শেষে আবেদনকারী তার প্রদত্ত মোবাইল ও ইমেইলে নোটিফিকেশন বার্তা পাবেন পাশাপাশি আবেদনকারীর ড্যাশবোর্ডে পেমেন্ট সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রদর্শিত হবে।

**ধাপ ৫: অ্যাডমিট কার্ড ও ফলাফল**

পরীক্ষার তারিখ ঘোষণার পর অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে। চাকুরি পরিক্ষার তারিখ এবং ফলাফল সম্পর্কিত তথ্য Notice Board ও My Applications এ প্রকাশিত হবে।

**ধাপ ৬: সাপোর্ট ডেস্ক**

চাকুরীর বিজ্ঞপ্তি প্রকাশের পরে যে কোন কারিগরি সমস্যার জন্য Support Desk থেকে টিকেটের মাধ্যমে কারিগরি সহায়তা পাওয়া যাবে। সেক্ষেত্রে আবেদনকারী কি ধরনের কারিগরি সমস্যার সম্মুখীন হচ্ছে তা উল্লেখ করে প্রয়োজনীয় সহযোগিতা পাবেন। পাশাপাশি সাপোর্ট প্রতিনিধিদের সাথে সরাসরি কথা বলে সমস্যার সমাধান করতে পারবেন।

**ধাপ ৭: লগআউট**

কার্যক্রম সম্পন্ন হলে “Logout” বাটনে ক্লিক করে নিরাপদে লগআউট হওয়া যাবে।

⚠ গুরুত্বপূর্ণ নির্দেশিকা

- আবেদনকারী কর্তৃক সকল তথ্য সঠিক ও নির্ভুলভাবে প্রদান করতে হবে।
- জেএসসি/সমমান, এসএসসি/সমমান, এইচএসসি/সমমান সংক্রান্ত শিক্ষাগত তথ্য শিক্ষাবোর্ডের অনলাইন সিস্টেম হতে স্বয়ংক্রিয়ভাবে গ্রহণ করা হবে যা পরিবর্তনযোগ্য নয়।
- আবেদনকৃত পদের অনুকূলে প্রদেয় আবেদন ফি অফেরতযোগ্য।
- যেকোন ধরণের সহায়তার জন্য শুধুমাত্র অফিসিয়াল নোটিশ ও সাপোর্ট ডেস্ককে অনুসরণ করুন।